যায়যায়দিন

তারিখ ····5 FEB 2009···
পৃষ্ঠা ···১৩··· কলাম····১·····

পরীক্ষার ফল পুনর্নিরীক্ষার দাবি

# বরিশাল পলিটেকনিক ছাত্রদের বিক্ষোভ, মহাসড়ক অবরোধ

বরিশাল অফিস

বরিশাল পলিটেকনিক ইন্সটিটিউটের ছাত্ররা গতকাল চার ঘণ্টার সড়ক অবরোধ কর্মসূচি পালন করেছে। বিক্ষোভ কর্মসূচি চলাকালে বাইপাস মহাসড়কে তারা বিআরটিসিসহ তিনটি বাস ভাঙচুর করে। পরীক্ষার ফল পুনর্নিরীক্ষার দাবিতে ছাত্ররা এ কর্মসূচি পালন করে।

ক্যাম্পাস সূত্র জানায়, পূর্ব ঘোষিত কর্মসূচি অনুযায়ী গতকাল সকাল ৮টায় ছাত্ররা বিক্ষোভ মিছিল বের করে। মিছিলটি ক্যাম্পাস থেকে বের হয়ে নথুল্লাবাদ চৌমাথা চলে যায়। সেখানে ছাত্ররা সিঅ্যান্ডবি বাইপাস সড়কে চার ঘণ্টার অবরোধ কর্মসূচি শুরু করে। ছাত্রদের মিছিল চৌমাথা থেকে আমতলার মোড়ের দিকে যাওয়ার সময় বিআরটিসির দুটিসহ তিনটি যাত্রীবাহী বাস ভাঙচুর করে। পরে ছাত্ররা মহাসড়কের দুই প্রান্তে ব্যারিকেড দিলে দুদিকে বহু যান আটকা পড়ে। এ সময় র‍্যাব ও পুলিশ ছাত্রদের ঘিরে রাখে। পরে দুপুর ১২টায় শিক্ষকরা ঘটনাস্থলে পৌঁছে ছাত্রদের দাবি বিবেচনার আশ্বাস দিয়ে তাদের ক্যাম্পাসে ফিরিয়ে আনে।

ছাত্ররা জানায়, দ্বিতীয়, চতুর্থ, ষষ্ঠ ও অষ্টম পর্বের পর্ব সমাপনী পরীক্ষার ফলাফল ঘোষণা করা হয় ৩১ জানুয়ারি। ঘোষিত ফলাফলে প্রায় সব পরীক্ষার্থীকে একাধিক বিষয়ে ফেল দেখানো হয়। শিক্ষার্থীদের অভিযোগ, মেধাবী ছাত্রদের পরিকল্পিতভাবেই ফেল করানো হয়েছে।

এদিকে পলিটেকনিক ইন্সটিটিউট কর্তৃপক্ষ জানিয়েছে, বিষয়টি নিয়ে ইতিমধ্যে তারা কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষের সঙ্গে যোগাযোগ করেছেন। আজকের মধ্যে ইতিবাচক সমাধান পাওয়া যেতে পারে।